[redacted]

[redacted]

পূর্ব পরিকল্পনা অনুযায়ী হঠাৎ ৪/৫ জন লোক বিকেল ৪ টার দিকে রেজিস্ট্রী অফিসে এসে দ্রুত টাকা না দিলে হৃদয়ের ভগ্নিপতির চাকুরী হবেনা বলে জোরাজুরি শুরু করেন । আমি সরল মনে ১০ লক্ষ টাকা মোঃ এস, এ হৃদয় কে দিয়ে দিই। পরে তার স্ত্রীর রেজিস্ট্রি অফিসে না আসলে মোবাইলে গালাগালি মটর সাইকেলে চলে যায় ওনার স্ত্রীকে আনার জন্য চলে যায়।

পরে আর তারা রেজিস্ট্রি অফিসে না এসে আমাকে মোবাইলে জানাই আজকে আসছেনা কাল যেভাবেই হোক জমি রেজিষ্ট্রী করে দিবো। এর একদিন পরে ঐ জমি দখল নেওয়ার জন্য রাত ২টার সময় প্রাচীর দেওয়ার জন্য কাজ শুরু করে সেই সংবাদ পেয়ে থানাতে অভিযোগ দিলে এসআই খাইরুল সাহেব ফোর্স পাঠাইয়া তাকে ধরে নিয়ে আসে। তখন মোখিক ভাবে আপোষ করে বাড়ি গেলেও পরদিন থানায় এসে টাকা নেয়নি বলে অস্বীকার করে। পরে রেজিস্ট্রার অফিসের দলিল লেখক মোঃ কোরবান আলী ও ওবাইদুল ডাক্তার সাক্ষী দিলে মোঃ এস.এ হৃদয় বলে আমি টাকা নেওয়ার কথা স্বীকার করে কয়েক দিনের মধ্যে টাকা ফেরত দেবার কথা বলে।

এর কয়দিন পরেই টাকা না দিয়ে নানা ভয়-ভীতি দেখিয়ে রাজনৈতিক প্রভাব খাটিয়ে জোর পূর্বক আমার কাছ থেকে আপোষ নামায় স্বাক্ষর করে নেয়। ফলে গত ২৫/০৩/২০২০ইং তারিখে খরিদকৃত জমির শরিকরা আদালতে টাকা দাখিল করেন। টাকা দাখিলের মামলা প্রত্যাহার করার জন্য আমাকে বিভিন্ন ভাবে হুমকি প্রদান করেন। গত ৫ তারিখে সরকার পতন হওয়ার পরপর আমি এই প্রতারণার বিষয়ে মামলা করার প্রস্তুতি নিলে মোঃ এস,এ হৃদয় টাকা না দেওয়ার জন্য তার পিতার মৃত্যুর ২৫ বছর পরে আমার নামে।

মিথ্যা হত্যা মামলা করে। আমি সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রশাসনের সুদৃষ্টি কামনা পূর্বক সুষ্ঠ তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা উন্মোচন করে এস এ হৃদয়ের প্রতারণার বিচার দাবী করছি।

আলমডাঙ্গায় যুবদলের ৪৬তম

প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আলমডাঙ্গায় যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন ও যুবদল নেতা শহীদ আব্দুল হাই বল্টুর ১২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মাহফিল এবং শোক র্যালি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকেলে হাজী মোড়স্থ টিলু ওস্তাদের চাতালে আলোচনা সভা ও আলমডাঙ্গা পৌর যুবদলের নেতা শহীদ আব্দুল হাই বল্টুর মৃত্যুবার্ষিকীর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা যুবদলের সাবেক সদস্য সচিব শফিকুল আজম ডালিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু।

প্রধান অতিথির বক্তব্যে টিলু মিয়া বলেন,লড়াই সংগ্রামে অর্জিত বিজয়কে সংহত হবে। তাই যুবদলের সবাইকে নিজ নিজ অবস্থান থেকে সন্ত্রাস, চাঁদাবাজি রুখে দিতে হবে। যুবদল সমস্ত অন্যায় সন্ত্রাস প্রতিহত করবে, কোনো প্রকার বিশৃঙ্খলাকে প্রশ্রয় দেব না। তিনি বলেন,যুবদল নেতা বল্টু একজন একনিষ্ঠ নেতা ছিল। তাকে আওয়ামী সন্ত্রাসীরা নির্মম ভাবে হত্যা করে। আজ যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীতে তাঁর স্মৃতি ভেসে ওঠে।

আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন উপজেলা বিএনপির সাবেক সাধারন সম্পাদক শেখ সাইফুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষক দলের সাবেক সভাপতি বোরহান উদ্দিন, পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান, সাবেক কাউন্সিলর নাসির উদ্দিন, বিএনপি নেতা রেজাউল হক, জেলা যুবদলের সহসভাপতি মাগরিবুর রহমান, উপজেলা যুবদলের সাবেক যুগ্ম আহবায়ক গোলাম মোস্তফা, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক ফারুকুজ্জামান, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক রহিদুজ্জামান রহিত ও সাবেক কলেজ ছাত্রদলের সভাপতি ফাহমিদুর রহমান মুনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক দল নেতা বাকী বিল্লাহ, তৌফিক খান, সোহেল রানা, রাসেল, উপজেলা যুবদল নেতা মিলন আলী, সাদ্দাম মুন্সি, সোয়েব, ডালিম, জাহাঙ্গীর, সোহাগ, নাসির উদ্দিন, আলমগীর, ছালাম, বুরহান, ফজলু, দোদুল, যুবদল নেতা মিশকা, সাগর, হাসিব, মুন্নি, কামরুল, জনি, পলাশ, সাদ্দাম, জাহিদ, মুকুল, হামিদ, হাসান, মুনিয়ার, আরিফ, লিয়ন, চপল, জয়, রাসেল, জাহিদ, লিটন, রনি, বজলু, রাজু, সাইফুল, জয়নাল, আব্দুস সালাম, সমের, রিপন, রাজা, আবুল কালাম প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ফেনসিডিলসহ আকন্দবাড়িয়া মাঝপাড়ার হাফিজকে তল্লাশি করে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই শামসুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্টে সোপর্দ করেছে।

দর্শনায় পৃথক পৃথক ভাবে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক পৃথক ভাবে সারাদেশের ন্যায় দীর্ঘ ১৬ বছর পর ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্যে দিয়ে বণ্যট্য আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে যুবদলের দর্শনা পৌর শাখার আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্তর থেকে র্যালিটি শুরু হয়ে দর্শনা রেলবাজার শাহিরিয়ার হোসেন ও মুগ্ধ মঞ্চে এসে শেষ হয়। এরপর যুবদলের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে প্রতিবার্ষীকীর আলোচনা সভা শুরু হয়।

এ আলোচনা সভায় বক্তব্য রাখেন,দর্শনা পৌর শাখার সিনিয়ার সহ সভাপতি ও প্রধান সমন্বয়ক অনুষ্ঠানের প্রধান অতিথি হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিক দলের সাধারন সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর সাবেক সাংগঠনিক সম্পাদক সমন্বয় কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয় কমিটির সদস্য শরীফ উদ্দীন, বিএনপির সমন্বয় কমিটির সদস্য, মশিউর রহমান, নাসির উদ্দীন খেদু, সমন্বয় কমিটির সদস্য মাহবুবুল রহমান খোকন,সদস্য লুৎফর রহমান, রেজাউল ইসলাম, মমিনুল ইসলাম, যুবদলের যুগ্ন আহবায়ক মোস্তাফিজুর রহমান মোহন, রকিবুল

হোসেন ব্রাইট, নাসির উদ্দীন খান হাসু, আরুক, মাহাবুল, মোর্শেদ লিংকন, আশিক, দর্শনা পৌর ছাত্রদলের আহবায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহম্মেদ, দর্শনা পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক আব্দুল মান্নান, সদস্য সচিব রাশেদ আহম্মেদ, আলতাফ হোসেন, আব্দুস ছাত্তার, অনুষ্ঠানটি পরিচালনা করেন,দর্শনা যুবদলের সাধারন সম্পাদক জালাল উদ্দীন ও দর্শনা পৌর যুবদলের যুগ্ন আহবায়ক জাহান আলী।

অপরদিকে বিকাল সাড়ে ৪ টার দিকে সমন্বয় কমিটির সদস্য খন্দকার শওকত আলী, এনামৃল হক শাহা মুকুল ও ইকবাল হোসেনের নেতৃত্বে দর্শনা রেল ইয়ার্ড থেকে বণ্যঢ্য র্যালি বের হয়।

র্যালিটি দর্শনার প্রধান সড়ক প্রদক্ষিন করে দর্শনা বাসষ্ট্যান্ড এলাকায় আলোচনাসভা অনুষ্টিত হয়।

এ আলোচনা সভায় দর্শনা থানার সিনিয়ার যুগ্ন আহবায়ক ওয়াজেদুল হক টুটুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা হাজী খন্দকার শওকত আলী, সমন্বয় কমিটির সদস্য এনামৃল হক শাহা মুকুল, ইকবাল হোসেন,হাবিবুল্লা, ছাত্রদলের সদস্য সচিব আবদুল্লা আল মামুন, ছাত্রদলের যুগ্ন আহবায়ক রাসেল উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান শেষে দর্শনা পুরাতন বাজারে কেকে কেটে যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীর সমাপ্ত ঘোষনা করে।

চুয়াডাঙ্গায় ছাত্রদল ও যুবদলের পাঁচ জনকে কুপিয়ে-পিটিয়ে জখম

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার যুবদল ও ছাত্রদলের দুই নেতা সহ পাঁচজনকে এলোপাতাড়ি কুপিয়ে-পিটিয়ে জখম করা হয়েছে। দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুর রহমান সবুজ সহ পাঁচজন জখম হয়েছে। তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ রবিবার দুপুরে চুয়াডাঙ্গা পৌর এলাকার সিঅ্যান্ডবিপাড়ায় এলজিইডি অফিসের অদূরে এ ঘটনা ঘটে। এর মধ্যে দুজনকে কুপিয়ে ও তিনজনকে পিটিয়ে জখম করা হয়েছে বলে সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক এ তথ্য নিশ্চিত করেছেন।

আহতরা হলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুর রহমান সবুজ (৩৪), দামুড়হুদা থানা যুবদলের যুগ্ম আহবায়ক মাহফুজুর রহমান জনি (৩৫), দামুড়হুদা উপজেলার নতুন বাস্তপুর গ্রামের আব্দুল ওয়াহেদের ছেলে ও যুবদল নেতা জিয়াউর রহমান (৪০), একই এলাকার মোখলেছুর রহমানের ছেলে ও যুবদল নেতা মোস্তাফিজুর রহমান সুমন (৩৫), পীরপুরকুল্লা গ্রামের যুবদল কর্মী সেলিম মিয়া (৩৫)।

এরমধ্যে আফজালুর রহমান সবুজ ও মাহফুজুর রহমান জনিকে কুপিয়ে ও বাকিদের পিটিয়ে জখম করা হয়েছে।

আহতরা বলেন, চুয়াডাঙ্গায় যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান শেষে আমরা কয়েকজন একসাথে দামুড়হুদায় ফিরছিলাম। এ সময় চুয়াডাঙ্গা সিঅ্যান্ডবিপাড়ায় এলজিইডি অফিসের অদূরে পৌছালে ৩০-৪০ জন দূর্বত্তরা আমাদের উপর লাঠিসোটা ও ধারাল অস্ত্র দিয়ে অতর্কিত হামলা চালাই। এতে আমাদের দুজন ধারাল অস্ত্রের আঘাতে ও পিটিয়ে তিনজনকে জখম করে তারা। পরে আমাদের অন্যন্য সহকর্মীরা আমাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের ভারপ্রাপ্ত আবাসিক মেডিকেল চিকিৎসা কর্মকর্তা (আরএমও) ওয়াহিদ মাহমুদ রবিন বলেন, দুজনের শরীরে ধারাল অস্ত্রের আঘাতে ক্ষতের সৃষ্টি হয়েছে। এছাড়া বাকি তিনজনের শরীরে আঘাতের চিহৃ রয়েছে। এরমধ্যে সেলিম প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরলেও বাকিদের ভর্তি রেখে চিকিৎসা দেয়া হচ্ছে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (ওসি) খালেদুর রহমান বলেন, এ ঘটনাটি আমি জেনেছি। আমিসহ আমার পুলিশ সদস্যরা তাদের সঙ্গে কথা বলেছি, হামলাকারীদের নাম-পরিচয় আমাদেরকে জানাইনি। আলোচনা সাপেক্ষে পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহন করবেন বলে আহতদের পক্ষ থেকে জানানো হয়েছে।

দামুড়হুদায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে কলেজ ছাত্রের মৃত্যু

দামুড়হুদা বাসট্যান্ড সংলগ্ন হাঁটের সামনে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের এক ছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়েছে। আজ রবিবার (২৭ অক্টোবর) সকাল সাড়ে ৯টার দিকে এ দূর্ঘটনা ঘটে। মৃত্যু বরণকারী হলো দামুড়হুদা চিৎলা গোবিন্দহুদা গ্রামের মিলনের ছেলে রাকিব (১৮)।

জানাগেছে দামুড়হুদা উপজেলার সদর বাসট্যান্ড সংলগ্ন হাট চালির সামনে সকাল সাড়ে ৯ টার দিকে আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে একাদশ শ্রেণির শিক্ষার্থী প্রথম বর্ষের ছাত্র মৃত রাকিব মোটরসাইকেল যোগে কলেজে পরিক্ষা দিতে এসেছিলো। ভাগ্যের কি নির্মম পরিহাস কলেজে ঢুকার আগেই হাঁটচালির সামনে একটি পাখি ভ্যানের এক্সেলে বেঁধে ছিটকে পিচ রাস্তার উপর পড়ে যায় অপর দিক থেকে দ্রুত গতিতে আসা একটি ট্রাকের পেছনের চাকার নিচে পরে। এতে ঘটনাস্থলেই মোটরসাইকেলের পেছনে বসে থাকা রাকিব মৃত্যু বরণ করে। মোটরসাইকেল অপর দুই আরোহী গুরুতর আহত হলে তাদেরকে স্থানীয়রা দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন। এসময় ট্রাকটি উদ্ধার করে দামুড়হুদা মডেল থানা হেফাজতে নেওয়া হয়। ট্রাকের নাম্বার হলো ঢাকা মেট্রো ট ২২- ৫৮২৩। নাবিল কোম্পানীর ট্রাকটি মাছের ফিড নিয়ে রাজশাহী থেকে দর্শনার উদ্দেশ্যে আসছিলো। পতিমধ্যে এ দূর্ঘটনার কবলে পড়ে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা হুমায়ুন কবির বলেন, ট্রাকের চাকায় পিষ্ট হয়ে একজন কলেজ ছাত্র নিহত হয়েছেন ময়না তদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়েছে ঘাতক ট্রাকটি থানা হেফাজতে নেওয়া হয়েছে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

জীবননগরে কচুরিপনার মধ্যে থেকে অজ্ঞাত ব্যক্তির কঙ্কাল উদ্ধার

চুয়াডাঙ্গা-জীবননগর সীমান্তের বিল থেকে অজ্ঞাতনামা একটি কঙ্কাল উদ্ধার করা হয়েছে। গতকাল শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে জীবননগর উপজেলার মেদেনীপুর গ্রামের ঘাড়কাটি বিলের কচুরিপানার ভেতর থেকে ওই কঙ্কাল উদ্ধার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস।

স্থানীয়ারা জানান, মেদেনীপুর গ্রামের শহিদুল বিশ্বাস বলেন, গতকাল শনিবার দুপুরে মাছ ধরতে ঘাড়কাটি বিলে জাল পাততে যান। এসময় বিলের কচুরিপানার ভেতরে একজনের কঙ্কাল দেখতে পান। তিনি বিষয়টি মাঠে কর্মরত কৃষকদের জানান। পরে খবর পেয়ে স্থানীয় বিজিবির সদস্যরা ও জীবননগর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশ ওই কঙ্কাল উদ্ধারের কার্যক্রম চালাচ্ছেন।

সীমান্ত ইউনিয়নের হাবিবপুর গ্রামের মৃত আব্দুল খালেকের ছেলে আব্দুস সবুর বলেন, সুজন আলী আমার আপন ছোট ভাই। আমার ভাই জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের সহকারী শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করে আসছিলেন। আমার ভাই গত ৬ অক্টোবর সন্ধ্যায় জীবননগর পৌর এলাকার গোপালনগরের ভাড়া বাসা থেকে নিখোঁজ হয়। লাশটির বেশির ভাগ অংশ পচে গলে যাওয়ায় সহজে সনাক্ত করা সম্ভব হয়নি। লাশটি পচেগলে কঙ্কালে পরিনত হয়েছে। তবে আমার ভাই অনেক আগে ফুটবল খেলতে যেয়ে হাতে আঘাত লাগে হাতের মধ্যে রড দেওয়া ছিল ।বিল থেকে যে লাশটি উদ্ধার হয়েছে তার শরীরে থাকা সার্জিক্যাল রড দেখে আমাদের মনে হচ্ছে লাশটি আমার ভাই সুজন আলীর হবে ।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, গতকাল শনিবার দুপুরে মেদেনীপুরের ঘাড়কাটি বিলের মাঠে একটি কঙ্কাল উদ্ধার করা হয়েছে। তার পরিচয় সম্পর্কে আমরা নিশ্চিত নয়। সুরতহাল প্রতিবেদন তৈরির কাজ চলছে। সিআইডি ও পিবিআই পুলিশকে খবর দেয়া হয়েছে। তারা ঘটনাস্থলে এসে কঙ্কালের পরিচয় ও ঘটনার রহস্য উদঘাটনে কাজ করবে।

[redacted]

[redacted]

এ সময় স্বর্ণের একটি নেকলেস, ৩টি স্বর্ণের পলা, স্বর্ণের কানের দুল ৪টি, স্বর্ণের রিং কানের দুল ১টি, রুপার নুপুর ২টি এবং নগদ পঞ্চাশ হাজার টাকা উদ্ধার করে পুলিশ। ওদু মন্ডল দৌলতদিয়াড় দক্ষিণপাড়ার মৃত সুবাদ মন্ডলের ছেলে।

অঞ্জলী রানীকে হত্যাকান্ডের বিষয়ে পুলিশি জিজ্ঞাসাবাদে আসামী অকপটে হত্যার বর্ণনা প্রদান করে। আসামীর হেফাজতে থাকা অঞ্জলী রানীর ব্যবহৃত স্বর্ণালংকার ও নগদ টাকা বের করে দেয়। ঘটনার বিষয়ে আসামী স্বেচ্ছায় বিজ্ঞ আদালতে ফৌজদারী কার্যবিধি আইনের ১৬৪ ধারায় দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করে।